সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত জেলা কমিটি'র মে ২০১৮ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : শাহিনা খাতুন, জেলা প্রশাসক, নাটোর।
স্থান : আনন্দ ভবন, নাটোর রাজবাড়ী।
তারিখ : ২০/০৫/২০১৮ খ্রিঃ
সময় : দুপুর ১-১৫ টা

উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানান। অতঃপর সভাপতি মহোদয় পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতিসহ প্রাসঙ্গিক কার্যক্রম সম্পর্কিত তথ্যচিত্র উপস্থাপনের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোর-কে অনুরোধ করেন। এ পর্যায়ে বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত কার্যক্রম বিস্তারিতভাবে উপস্থাপন করেন এবং নিম্নবর্ণিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	এ কার্যালয়ের কৌশলগত উদ্দেশ্য	সভায় ২০১৭-১৮ অর্থবছরে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে লিপিবদ্ধ এ কার্যালয়ের কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জানান যে, ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত ১৮টি ক্ষেত্রে মোট ৫৩টি কার্যক্রম রয়েছে। তিনি চুক্তি অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অর্ধবার্ষিক ও জানুয়ারি-মার্চ ২০১৮ প্রান্তিকের পরিবীক্ষণ প্রতিবেদনের আলোকে তথ্য-উপাত্ত উপস্থাপনের মাধ্যমে বলেন যে, 'কৃষি শিল্পের বিকাশের মাধ্যমে জেলার আর্থ-সামাজিক উন্নয়ন' অনুচ্ছেদের 'ফল চাষী নিয়ে সভা', 'আম, কলাসহ বিভিন্ন ফলে বিষাক্তদ্রব্য ব্যবহার রোধকল্পে মোবাইল কোর্ট পরিচালনা', 'সকল ফল চাষী, আড়তদার ও ফল ব্যবসায়ীদের পরিচয় কার্ড প্রদান', 'কৃষি জোন তৈরীর কার্যক্রম গ্রহণ'; 'জেলা ই-সেবা কেন্দ্রকে আধুনিকায়ণের মাধ্যমে সেবার মান উন্নয়ন' অনুচ্ছেদের 'ওয়ান স্টপ সার্ভিস চালুকরণ'; 'নাটোর কালেক্টরেট স্কুল এন্ড কলেজের সার্বিক উন্নয়ন' অনুচ্ছেদের 'ওয়েব সাইটে তথ্য হালনাগাদকরণ'; 'মোবাইল কোর্টের মাধ্যমে অপরাধ প্রতিরোধ এবং সামাজিক ন্যায়-বিচার প্রতিষ্ঠা' অনুচ্ছেদের 'ই-মোবাইল কোর্ট পরিচালনা'; 'জেলার সকল হোটেল ও বেকারীতে বিশুদ্ধ খাদ্য নিশ্চিতকরণ' অনুচ্ছেদের 'জেলার সকল হোটেল ও বেকারীর মালিকদের ডাটাবেজ তৈরীকরণ'; 'জেলার সকল হোটেল ও বেকারীতে বিশুদ্ধ খাদ্য নিশ্চিতকরণ' অনুচ্ছেদের 'নিয়মিত উদ্বুদ্ধকরণ সভা আয়োজন' প্রভৃতি কার্যক্রমের	(ক) ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে সচেষ্ট হতে হবে। (খ) সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম নিবিড় মনিটরিং করতে হবে।	(ক) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা। (খ) ফোকাল পয়েন্ট কর্মকর্তা (সহকারী কমিশনার, সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর)

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
		লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে সংশ্লিষ্টদের অধিক সচেষ্ট হতে হবে। সভাপতি এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণের দৃষ্টি আকর্ষণ করেন এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত কার্যক্রম সমূহের কাঙ্ক্ষিত মান অর্জন নিশ্চিতকরণের লক্ষ্যে কার্যক্রম বাস্তবায়নে অধিকতর সচেষ্ট হতে অনুরোধ করেন। একই সাথে তিনি এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম নিবিড় মনিটরিং অব্যাহত রাখাসহ সংশ্লিষ্ট দপ্তর/শাখা প্রধানের সাথে টেলিফোনিক যোগাযোগ অব্যাহত রাখতে ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ করেন।		
২.	আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য	সভায় ২০১৭-১৮ অর্থবছরে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে লিপিবদ্ধ 'আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য' সফল করার নিমিত্ত দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন; কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন; দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন; তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ এবং আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোর চুক্তি অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অর্ধবার্ষিক ও জানুয়ারি-মার্চ ২০১৮ প্রান্তিকের পরিবীক্ষণ প্রতিবেদনের আলোকে তথ্য-উপাত্ত উপস্থাপনের মাধ্যমে বলেন যে, 'তথ্য অধিকার আইন-২০০৯ এর সফল বাস্তবায়ন' অনুচ্ছেদের 'সকল দপ্তরে '৪র্থ প্রজন্মের সিটিজেন চার্টার প্রস্তুতকরণ' ও 'সঠিক স্থানে প্রদর্শন'; 'সঠিক দুর্যোগ ব্যবস্থাপনার মাধ্যমে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন ত্বরান্বিতকরণ' অনুচ্ছেদের 'ভিক্ষুক পুনর্বাসন সংক্রান্ত কার্যক্রম গ্রহণ'; 'নাটোর জেলার পর্যটন শিল্পের উন্নয়ন' অনুচ্ছেদের 'জেলার গুরুত্বপূর্ণ স্থানে বিল-বোর্ড তৈরী' কার্যক্রম; 'কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন' অনুচ্ছেদের 'উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (এসআইপি) বাস্তবায়ন' কার্যক্রমের (ক) উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়িত, (খ) এসআইপি বাস্তবায়িত; 'আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন' সংক্রান্ত 'অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন'; 'দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন' অনুচ্ছেদে বর্ণিত সমুদয় কার্যক্রমসহ 'জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন' কার্যক্রম বিষয়গুলোতে লক্ষ্যমাত্রা অনুযায়ী মান অর্জনে সংশ্লিষ্ট অধিক সচেষ্ট হওয়া প্রয়োজন মর্মে উল্লেখ করেন। সভাপতি 'আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য' অংশে লিপিবদ্ধ সামগ্রিক কার্যক্রমের ক্ষেত্রে	(ক) ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহ বাস্তবায়নে অধিকতর সচেষ্ট হতে হবে। (খ) চুক্তিতে লিপিবদ্ধ 'দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন' অনুচ্ছেদে বর্ণিত সমুদয় কার্যক্রমসহ 'জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন' কার্যক্রম সম্পাদনে সচেষ্ট থাকতে হবে।	(ক) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা। (খ) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর/শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর।

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
		সন্তোষজনক মান অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে এবং 'দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন' অনুচ্ছেদে বর্ণিত সমুদয় কার্যক্রমসহ 'জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন' কার্যক্রমে সচেষ্ট থাকার জন্য এ কার্যালয়ের 'নৈতিকতা কমিটি' এর শুদ্ধাচার ফোকাল পয়েন্ট (অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর)-কে অনুরোধ জানান।		

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(শাহিনা খাতুন)
জেলা প্রশাসক
নাটোর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
(সাধারণ শাখা)
www.natore.gov.bd

স্মারক সংখ্যা: ০৫.৪৩.৬৯০০.০০৬.১৮.০১১.১৭. ১০২০

তারিখ: ০৪ আষাঢ়, ১৪২৫ / ১৮ জুন, ২০১৮

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব, ...
....
৩. অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৫. জনাব মোঃ সাইদুর রহমান, যুগ্মসচিব, জেলা ও মাঠ প্রশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. উপসচিব, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. উপসচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

৮. ....
৯. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর। (তাঁকে কার্যবিবরণীটি জেলা ওয়েব পোর্টালে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

(খন্দকার রবিউল ইসলাম)
সহকারী কমিশনার
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর।
টেলিফোন: +৮৮ ০৭৭১ ৬২২৮৭
ই-মেইল: generalsection69@gmail.com